# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

১৪ ডিসেম্বর ২০২০


## ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা
**উদ্ভাবনী ধারনা: অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার**

**ভূমিকা**

- রাষ্ট্রের গুরুত্বপূর্ণ জনকল্যাণ ও জননিরাপত্তামূলক কাজে নিয়োজিত আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রায় ৬১ লক্ষ সদস্য-সদস্যাদের বেকারত্ব দুর করে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচনের মহৎ উদ্দেশ্য নিয়ে ১৯৯৫ সনে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক যাত্রা শুরু করে।

১। ধারনার শিরোনাম: অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার

**২। প্রেক্ষাপট/ ধারনার পরিচিতি:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ গঠনের ঘোষনা বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংকের গ্রাহকদের সেবা প্রদান পদ্ধতি সহজীকরণ এবং অপারেশন কার্যক্রম এগিয়ে নিতে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে। এর ধারাবাহিকতার অংশ হিসেবে অটোমেশনের মাধ্যমে ব্যাংকের কর্মরত সকল স্থায়ী ও অস্থায়ী কর্মচারীদের তথ্য সংরক্ষন ও ব্যবস্থাপনার উদ্যোগ গ্রহন করা হয়েছে।




৩। উদ্দেশ্য:


- ব্যাংকের কর্মরত সকল স্থায়ী ও অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীর তথ্য সংরক্ষন। যথা:-
  - ব্যক্তিগত তথ্য ও চাকুরী সংক্রান্ত তথ্য
  - প্রশিক্ষনের তথ্য (দেশে ও বিদেশে), পদোন্নতির তথ্য
  - ব্যাংক কর্তৃক দায়েরকৃত বিভাগীয় মোকদ্দমার তথ্য, আপিলের তথ্য, রিভিউ ও রিভিশনের তথ্য
  - ব্যাংক কর্তৃক প্রদত্ত পুরস্কারের তথ্য, ভোগকৃত ছুটির তথ্য
  - উদ্ভাবনী কার্যক্রমের তথ্য, পদায়নের তথ্য
  - গৃহীত অগ্রীমের তথ্য, বেতনক্রম ইত্যাদি।
- ব্যাংকের কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগের কার্যক্রমে প্রত্যক্ষ সহায়তা প্রদান।
- দ্রুত ও নির্ভুল রিপোর্ট প্রস্তুত করা।
- দ্রুত সিদ্ধান্ত গ্রহনে প্রয়োজনীয় সহায়তা প্রদান।

৪। কর্ম পদ্ধতি:

- নির্দিষ্ট PDS ফরম অনুযায়ী ব্যাংকের সকল স্থায়ী ও অস্থায়ী কর্মকর্তা ও কর্মচারীর নিকট থেকে ফরমেট অনুযায়ী তথ্য সংগ্রহ।
- প্রস্তুতকৃত অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারে প্রাপ্ত PDS ফরমের সকল তথ্য কেন্দ্রীয়ভাবে অন্তর্ভূক্তকরণ।
- এন্ট্রিকৃত সকল তথ্য দ অনুযায়ী যথাযথভাবে Verify করা।
- প্রস্তুতকৃত অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারে সকল কর্মকর্তা কর্মচারীর পৃথক লগইন ব্যবস্থা।
- সফটওয়্যারে লগইন করার মাধ্যমে সংশ্লিষ্ট কর্মী নিজের তথ্য প্রিন্ট ও ডাউনলোড করতে পারবে। এছাড়াও তথ্য সংশোধন ও হালনাগাদের জন্য অনুরোধ করতে পারবেন।
- কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ কোন কর্মীর তথ্য সংশোধন বা হালনাগাদের অনুরোধের প্রেক্ষিতে প্রয়োজনীয় যাচাই বাছাই শেষে ডাটাবেইজে অন্তর্ভুক্ত করবে।
- এসএমএসের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মীদের তথ্য সংশোধন ও হালানাগাদের বিষয়টি অবহিত করা হবে।
- ব্যাংকের কর্মী সংক্রান্ত যেকোন তথ্য প্রধান কার্যালয়ে সংশ্লিষ্ট উপ-বিভাগের মাধ্যমে সফটওয়্যারে হালানাগাদ করা হবে।

৫। উপকারীতা/সুফল

- দ্রুত ও নির্ভুলভাবে তথ্য পূরণ করা সম্ভব হবে।
- কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগের কর্ম দক্ষতা বৃদ্ধি পাবে।
- কেন্দ্রীয় তথ্য ভান্ডারে তথ্য থাকার কারনে যে কোন সময় যে কোন ধরনের তথ্য পাওয়া সম্ভব হবে।
- প্রয়োজন অনুযায়ী কর্মী ব্যবস্থাপনা সংক্রান্ত রিপোর্ট তৈরী করা সহজ হবে। যেমন: ব্যাংকিং ডিপ্লোমা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষন, পদোন্নতি, পদায়ন, ভোগকৃত ছুটি, গৃহীত অগ্রীম ইত্যাদির ভিত্তিতে বিভিন্ন ধরনের রিপোর্ট প্রস্তুত করা সম্ভব হবে।



- ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীরা তাদের ব্যক্তিগত তথ্য সম্পর্কে নিশ্চিত থাকবে। ব্যাংক ও কর্মকর্তা কর্মচারীরা প্রয়োজনে এসকল তথ্য ব্যবহার করতে পারবে।
- ব্যবস্থাপনা কর্তপক্ষের চাহিদা মোতাবেক রিপোর্ট পাওয়া যাবে এবং তার ভিত্তিতে দ্রুততম সময়ে সিদ্ধান্ত বাস্তবায়ন সহজ হবে। যেমন:
    - যেসকল কর্মকর্তা/কর্মচারী তিন বছরের অধিককাল কোন কর্মস্থলে অবস্থান করছেন তার তালিকা।
    - নির্দিষ্ট বিষয়ে অভিজ্ঞ জনবলের তালিকা।
    - পদোন্নতির তালিকা।
    - গ্রেডভিত্তিক জনবলের তালিকা।
    - কর্মকর্তাভিত্তিক প্রদানকৃত শাস্তির তথ্য।
    - পদভিত্তিক পিআরএল এ গমনতব্য কর্মকর্তাদের তথ্য।
    - পদভিত্তিক পদোন্নতি Due হয়েছে কিনা এমন কর্মকর্তাদের তথ্য।
    - বছরভিত্তিক ও পদভিত্তিক নতুন যোগদানকৃত কর্মকর্তার তথ্য।
    - গৃহীত অগ্রীমের ভিত্তিতে কর্মকর্তাদের তথ্য।
- সর্বোপরী Time, Cost এবং Visit কমে যাবে এবং ব্যাংকের ভাবমূর্তি উজ্জল হবে।

৬। বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:

- ব্যাংকের নিজস্ব অবকাঠামো ও জনবল ব্যবহার করে উদ্ভাবনী ধারনাটি বাস্তবায়ন করা হবে।
- এসএমএস প্রেরণের জন্য এসএমএস চার্জ প্রযোজ্য হবে।

৭। বাস্তবায়ন সময়কাল:

- অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার তৈরীর কাজ সম্পন্ন হয়েছে।
- বর্তমানে এটি পরিক্ষাধীন পর্যায়ে রয়েছে।
- ব্যাংকের সকল স্থায়ী ও অস্থায়ী কর্মকর্তা কর্মচারীদের তথ্য PDS ফরমের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে।
- মার্চ ২০২১ এর মধ্যে উদ্ভাবনী ধারনাটি পরিপূর্ণভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে।

৮। সুবিধাভোগীর ব্যয়: অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি ব্যবহারের জন্য সুবিধাভোগীর কোন ব্যয় নেই।

৯। প্রত্যাশিত ফলাফল (TCV)

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ৭/১০ দিন | ৫০০/- থেকে ১৫০০/- | ১/2 বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ৫-১০ মিনিট | - | - |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট | ৫ মিনিট | - | প্রয়োজন হবে না |

১০। রিসোর্স ম্যাপঃ

| প্রয়োজনীয় সম্পদ | | | কোথা হতে পাওয়া যাবে? |
|---|---|---|---|
| খাত | বিবরণ | প্রয়োজনীয় অর্থ | নিজস্ব |
| জনবল | বর্তমান | প্রয়োজন নাই | নিজস্ব |
| বস্তুগত | বর্তমান | প্রয়োজন নাই | নিজস্ব |
| অন্যান্য | - | - | নিজস্ব |
| প্রয়োজনীয় মোট অর্থ | | - | |

১১। সম্প্রসারন ও রেপ্লিকেশন: ব্যাংকের প্রধান কার্যালয় সহ সকল আঞ্চলিক ও শাখা কার্যালয়ে উদ্ভাবনী ধারনাটি সম্প্রসারনের সুযোগ রয়েছে।

১২। সম্ভাব্য ঝুকি: ইন্টারনেট সংযোগ ব্যতীত সফটওয়্যারটি ব্যবহার করা সম্ভব নয়।

১৩। Details of the Owner:

| নাম | পদবী | অফিস | মোবাইল | ই-মেইল | আইডিয়া পাইলটিং এলাকা |
|---|---|---|---|---|---|
| মোহাম্মদ হাসান মাহমুদ | সিস্টেম এনালিস্ট | আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক | 01716014787 | hassan.mahamud@gmail.com | প্রধান কার্যালয়, ঢাকা। |

২৪/১২/2020
মোহাম্মদ হাসান মাহমুদ
উপ-বিভাগ প্রধান
কম্পিউটার উপ-বিভাগ

২৪/১২/২০
মোঃ আব্দুর রহিম
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
শেয়ার উপ-বিভাগ